

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd



তারিখ: ০৫.০৮.২০২০ খ্রি।

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০১৬.১৭-১০১

বিষয়: বিজ্ঞ সহকারী জজ আদালত, সৈক্ষণ্য, ময়মনসিংহে দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-২৯/২০১১ অন্য প্রকার মামলাটি আদালতের রায়ে খারিজ হয়ে যাওয়ায় অধ্যক্ষ পদে নিয়োগকৃত ও দায়িত্ব পালনরত জনাব মো: শাহজাহানকে এমপিওভুক্তকরণ প্রসঙ্গে।

- সূত্র:
- (১) বৈরাটি আলিম সিনিয়র মান্দ্রাসার অধ্যক্ষের আবেদন
 - (২) উপজেলা নির্বাহী অফিসার, সৈক্ষণ্য, ময়মনসিংহ এর স্মারক নং-০৫.৪৫. ৬১৩১.০০২.০১.০০৯.১৯.৬৭২
 - (৩) দেওয়ানী মোকদ্দমা নং- ২৯/২০১১ (অন্য প্রকার) মামলার রায়
 - (৪) সহকারী জজ আদালত সৈক্ষণ্য, ময়মনসিংহ কর্তৃক প্রদত্ত মামলা সংক্রান্ত সর্বশেষ তথ্য

তারিখ: ১৪.১২.১৯ খ্রি।

তারিখ: ২৪.১২.১৯ খ্রি।

তারিখ: ১৩.০৫.১৯ খ্রি।

তারিখ: ০১.১২.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সৈক্ষণ্য উপজেলাধীন বৈরাটি আলিম সিনিয়র মান্দ্রাসার অধ্যক্ষ পদে নিয়োগ প্রাপ্ত হয়ে জনাব মো: শাহজাহান দায়িত্ব পালন করছেন মর্মে ০১ ও ০২ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. সূত্রে বর্ণিত ০১ নং স্মারকে প্রাপ্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে জনাব মো: শাহজাহান বর্ণিত মান্দ্রাসার গভর্ণিং বডি কর্তৃক অধ্যক্ষ পদে নিয়োগপ্রাপ্ত হয়ে ২৮.০১.২০১০ খ্রি তারিখে অধ্যক্ষ পদে যোগদান করেন।

০৩. সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় আরো জানা যায় যে, জনাব মো: শাহজাহান অধ্যক্ষ পদে যোগদানক্রমে স্থীর দায়িত্ব পালন কালে একই মান্দ্রাসার ইবতেদায়ী কারী জনাব মো: আবুল কালাম কর্তৃক অধ্যক্ষ পদে জনাব মো: শাহজাহানের নিয়োগ বিধি সম্মত হয়নি মর্মে দাবী করে বিজ্ঞ সহকারী জজ আদালত সৈক্ষণ্য, ময়মনসিংহে একটি দেওয়ানী মোকদ্দমা দায়ের করা হয় যার নং-২৯/২০১১ (অন্য প্রকার)।

০৪. প্রাপ্ত কাগজ পত্র পর্যালোচনায় জানা যায়, অধ্যক্ষ নিয়োগকে চ্যালেঞ্জ করে দায়েরকৃত বর্ণিত মামলার কারনে অধ্যক্ষ পদে নিয়োগকৃত জনাব মো: শাহজাহান এখনো এমপিওভুক্ত হতে পারেননি।

০৫. বিজ্ঞ সহকারী জজ আদালত, সৈক্ষণ্য, ময়মনসিংহে দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-২৯/২০১১ মামলায় গত ১৩.০৫.২০১৯ খ্রি তারিখে নিম্নরূপ আদেশ দেয়া হয়:

“খরচের টাকা দাখিল না করায় মোকদ্দমাটি খারিজ করা হলো।”

০৬. গত ০১.১২.২০১৯ খ্রি তারিখে বর্ণিত বিজ্ঞ সহকারী জজ আদালত কর্তৃক প্রদত্ত মামলা সংক্রান্ত সর্বশেষ তথ্য বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, উপরোক্ত মোকদ্দমার ১৩.০৫.২০১৯ খ্রি তারিখের খারিজাদেশের বিরুদ্ধে কোন ছানী মোকদ্দমা দায়ের করা হয়নি।

০৭. যেহেতু বর্ণিত মান্দ্রাসায় অধ্যক্ষ পদে জনাব মো: শাহজাহানের নিয়োগকে চ্যালেঞ্জ করে বিজ্ঞ সহকারী জজ আদালতে দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-২৯/২০১১ (অন্য প্রকার) মামলার ১৩.০৫.২০১৯ খ্রি তারিখের আদেশে মামলাটি খারিজ করা হয়েছে এবং যেহেতু উক্ত খারিজাদেশের বিরুদ্ধে কোন ছানী মোকদ্দমা দায়ের করা হয়নি এবং যেহেতু জনাব মো: শাহজাহান অধ্যক্ষ পদে নিয়োগ প্রাপ্ত হয়ে অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন, সেহেতু তাঁকে (মো: শাহজাহান) এমপিওভুক্ত করা যায় মর্মে প্রতীয়মান হয়।

০৮. এমতাবস্থায় ময়মনসিংহ জেলার সৈক্ষণ্য উপজেলাধীন বৈরাটি আলিম সিনিয়র মান্দ্রাসার অধ্যক্ষ পদে নিয়োগকৃত এবং দায়িত্ব পালনরত জনাব মো: শাহজাহানের এমপিওভুক্তির বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার জন্য মহোদয়গণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

No ০৫.০৪.২০২০

নাজনীন সুলতানা

সহকারী পরিচালক (অডিট ও আইন)

মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ:

- ০১. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ০২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সৈক্ষণ্য, ময়মনসিংহ।

অন্তিম (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ০২. সভাপতি, বৈরাটি আলিম সিনিয়র মান্দ্রাসা, ডাক: ধীতপুর, উপজেলা: সৈক্ষণ্য, জেলা: ময়মনসিংহ।
- ০৩. অধ্যক্ষ, বৈরাটি আলিম সিনিয়র মান্দ্রাসা, ডাক: ধীতপুর, উপজেলা: সৈক্ষণ্য, জেলা: ময়মনসিংহ।
- ০৪. অফিস কপি/ মাষ্টার কপি।